

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩১২

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮

২৫ নভেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৯১১৯/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার চড়ার হাট শহীদ স্মৃতি মহাবিদ্যালয়-এর এডহক কমিটি গঠনের জন্য চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবর ২২/০৯/২০২১ইং তারিখে আবেদন করেন। নিয়মিত গভর্নিং বডি গঠনের লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯-এর ৩৯ ধারা মোতাবেক এডহক কমিটির গঠন করার অনুমতি প্রদান করা হয়। সেই পত্রের প্রেক্ষিতে চড়ার হাট শহীদ স্মৃতি মহাবিদ্যালয়ের সভাপতি মনোনয়নের জন্য ০৩ (তিন) জনের নাম প্রস্তাব ০৮/০৯/২০২১ ইং তারিখে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর বরাবর প্রেরণ করা হয়।

চড়ার হাট শহীদ স্মৃতি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব গোলাম মোস্তফা এর প্রেরিত পত্রের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সংস্কৃক হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯১১৯/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ২৪/১০/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

“The Respondent No. 4 is directed to put counter sign on the salary and bills, both arrear and current of the teacher and staffs of the Chararhat Shahid Smriti College, Chararhat, Putimara, Nawabganj, Dinajpur till forming the Ad-hoc Committee of the said College.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৯১১৯/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলার তথ্য ডাটা বেইজে এন্ট্রি করাসহ সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩১২/১

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮  
২৫ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৫-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব